

অনুদানপ্রাপ্ত গ্রন্থাগারে ২৫ ভাগ শিশু গ্রন্থ বরাদ্দের সুপারিশ

জাতীয় গ্রন্থ কেন্দ্রের মাধ্যমে অনুদানপ্রাপ্ত বিভিন্ন গ্রন্থাগারে যে সকল বই প্রদান করা হয়, কমপক্ষে তার ২৫ ভাগ শিশু গ্রন্থের জন্য বরাদ্দ রাখার সুপারিশ করা হয়েছে।

এ ব্যাপারে শিশু একাডেমি যাতে যথোপযুক্ত ব্যবস্থা নেয়, সে জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়কে সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় থেকে অনুরোধ জানানোর কথাও বলা হয়েছে। এ ছাড়া সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

প্রশাসনিক সিস্টেমের মাধ্যমে এই ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে সুপারিশে উল্লেখ করা হয়। বঙ্গবন্ধু

শিশু গ্রন্থের প্রকাশনার ওপর জাতীয় গ্রন্থ কেন্দ্র অথবা সৌষ্ঠবের পুরস্কারের অর্থ আকর্ষণীয় করে তোলায় বিষয়টিও বিবেচনা করার অনুরোধ সুপারিশে আনা হয়েছে।

গত বৃহস্পতিবার দুপুর ১২ টায় সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত জাতীয় গ্রন্থনীতি বাস্তবায়ন কমিটির সভায় এই সুপারিশমালা পেশ করা হয়।

সভায় সভাপতিত্ব করেন জাতীয় গ্রন্থনীতি বাস্তবায়ন কমিটির সভাপতি ও সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব মাহমুদুল হাসান। আলোচনায় অংশ নেন জাতীয় গ্রন্থনীতি বাস্তবায়ন কমিটির সদস্য মহিউদ্দিন আহমদ, অধ্যাপক আবুল কালামমল্লের মোরশেদ, ছড়াকার আবু সাঈদ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব আবদুল আউয়াল হাওলাদার, মফিজুল হক, মেসবাহউদ্দিন আহমদ, সিদ্দিকুল আলী, জাতীয় গ্রন্থ কেন্দ্রের উপ-পরিচালক মোঃ শফিকুল ইসলাম, গণগ্রন্থাগারের উপ-পরিচালক কাজী আবদুল মাজেদ। জাতীয় গ্রন্থ কেন্দ্রের পরিচালক ও কমিটির সদস্য সচিব কবি মাহমুদ শফিক সভা পরিচালনা করেন।